

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৩.০১.০০০০.৮৩৯.০১.০০২.২১-২৫০


তারিখঃ ২৭-১২-২০২৩খ্রি:

বিষয়ঃ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে খামারী প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত উপজেলায় খামারী পর্যায়ে উন্নত জাতের ঘাস চাষ কৌশল, সবুজ ঘাস সংরক্ষণ প্রযুক্তি এবং গবাদিপশুর খাদ্য ব্যবস্থাপনা বিষয়ক ২ (দুই) দিন ব্যাপী খামারী প্রশিক্ষণ এর সংস্থান রয়েছে। ইতিমধ্যেই আপনার উপজেলার প্রতিটি ইউনিয়ন হতে ৮(আট) জন সুফলভোগী (ঘাস চাষ প্রদর্শনী খামারী, সাইলোজ ও হে প্রযুক্তি গ্রহণকারী খামারী এবং উন্নত জাতের বীজ গ্রহণকারী খামারী) খামারীর তালিকা নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করেছেন। খামারী প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের পূর্নাঙ্গ তালিকা প্রণয়নের জন্য আপনার উপজেলার প্রত্যেক ইউনিয়ন হতে ইতিপূর্বে প্রেরিত ৮ (আট) জন বাদে ঘাস চাষ ও গবাদিপশু পালনে আগ্রহী ১২ (বার) জন খামারীর তালিকা (যার মধ্যে অবশ্যই ৫০% মহিলা) প্রণয়ন পূর্বক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার স্বাক্ষরে হার্ড ও সফট কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে আগামী ২৫-০১-২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা- ৪৭৫ জন


(মোঃ আমজাদ হোসেন ডুগ্রা)
প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।
মোবাইলঃ ০১৭০৯৮২৭৪০২
e-mail: andfcdds@gmail.com

স্বাক্ষর
২৭/১২/২৩

বিতরণঃ

- ০১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। ইহা আপনার সদয় অবগতির জন্য।
- ০২। পরিচালক প্রশাসন/সম্প্রসারণ প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।
- ০৪। জেলা প্রাণিসম্পদ - ৬৪ জন।
- ০৫। অফিস কপি।